



শা.প্র.সং.সং. ১২৩৪  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ফোনঃ +৮৮০-২-৯৫৬৬৫৫৮  
ফ্যাক্সঃ +৮৮০-২-৯৫৬৬৫৫৯  
ই-মেইলঃ cab\_secy@cabinet.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব

উপানুষ্ঠানিক পত্র নম্বর: ০৪.০০.০০০০.৭২১.০৬.০০৩.১৫.৪২

তারিখ : ২৪ চৈত্র ১৪২২  
০৭ এপ্রিল ২০১৬

প্রিয় সহকর্মী,

আপনি অবগত আছেন যে বিগত ১৮ নভেম্বর ২০১৪ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

“উপজেলা, জেলা, বিভাগ এবং ঢাকায় কেন্দ্রীয় পর্যায়ে অফিস ভবন নির্মাণের বিষয়ে একটি সমন্বিত পরিকল্পনা গ্রহণ করতে হবে। যাতে সকল সরকারি অফিসগুলো একই ভবনে স্থাপনের ব্যবস্থা করা যায়। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ সমন্বিত পরিকল্পনার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন”।

২। এছাড়া, ২৯ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে অনুষ্ঠিত নিকর সভায় মাননীয় প্রধানমন্ত্রী দেশের সকল জনসেবা প্রদানকারী অফিসে সেবাপ্রার্থী জনসাধারণের সুবিধার্থে অপেক্ষাকক্ষসহ আনুষঙ্গিক সুবিধা নিশ্চিত করার জন্য অনুশাসন প্রদান করেছেন।

৩। উল্লিখিত সিদ্ধান্ত ও অনুশাসন আমাদের অফিস ব্যবস্থাপনার উত্তরণে যুগান্তকারী পদক্ষেপ বলে আমি মনে করি এবং এর বাস্তবায়ন গণতান্ত্রিক মূল্যবোধের সঙ্গে সংগতিপূর্ণভাবে এবং ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে সরকারি সকল অফিসকে যথার্থভাবে 'সেবাকেন্দ্রে' রূপান্তরে সহায়ক হবে।

৪। এ পরিপ্রেক্ষিতে আগামী ৫০ বৎসরের দৃশ্যপট, প্রযুক্তির সম্ভাব্য উন্নয়ন ও ব্যবহারের বিষয়টি বিবেচনায় রেখে নির্মিতব্য/নির্মাণাধীন স্থাপনাসমূহের ক্ষেত্রে উপর্যুক্ত দুটি অনুশাসন প্রতিপালনের লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণে আপনি আরও উদ্যোগী হবেন বলে আমি বিশ্বাস করি।

৫। একই ছাদের নিচে সকল সেবা যেমনি জনগণের সেবা প্রাপ্তিকে সহজ করবে, তেমনি তা মূল্যবান জমির অপচয় রোধ ও সম্পদের সাশ্রয়ে সহায়ক হবে। এ লক্ষ্যে আগামীতে আমাদের প্রচলিত অফিস ডিজাইন ও লে-আউটে কিছু পরিবর্তন আনার প্রয়োজন হবে। আমার দৃঢ় বিশ্বাস, আপনি এ সকল বিষয়ে ইতোমধ্যে প্রয়োজনীয় কার্যক্রম আরম্ভ করেছেন।

৬। এ প্রসঙ্গে আমি বৈদ্যুতিক ও ইন্টারনেট প্রবাহ ব্যবস্থা ও সংযোগ সুবিধা, কর্মএলাকায় পরিমিত ও প্রমিত আলো বাতাসের ব্যবস্থা এবং কম্পিউটার উপযোগী প্রমিত অফিস আসবাব ও সরঞ্জাম ব্যবহার নিশ্চিত করার জন্য আপনাদের দৃষ্টি আর্কষণ করছি।

৭। আমার দৃঢ় বিশ্বাস এ সকল উদ্যোগ কর্মপরিবেশ উন্নত করার পাশাপাশি অধিকতর জনসেবা নিশ্চিত করতে সহযোগিতা করবেন। জনসেবার মানোন্নয়নে আপনাদের ব্যক্তিগত উদ্যোগ দৃশ্যমানভাবে ইতিবাচক পরিবর্তন আনতে পারে। আমি আশ্বস্ত করছি যে মন্ত্রিপরিষদ বিভাগ এ সকল মহতী উদ্যোগে সব সময় আপনাদের সহযোগিতা করতে প্রস্তুত থাকবে।

আন্তরিকভাবে আপনার,

(মোহাম্মদ শফিউল আলম)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা-২ শাখা  
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০৪৫.০২২.১০.০৪.০০৪.২০১১- ৪৬৭

তারিখঃ ২৬/০৪/২০১৬

উপর্যুক্ত বিষয়ের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুলিপি প্রেরণ করা হলো।

(শুফুন নাহার) ২৬/০৪/১৬  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৭৭২৩০

e-mail: lgd.upazila2@gmail.com

১. চেয়ারম্যান (সকল)..... উপজেলা পরিষদ
২. উপজেলা নির্বাহী অফিসার, (সকল), উপজেলা .....

অনুলিপিঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
২. সিনিয়র সহকারী সচিব (উপজেলা-১), স্থানীয় সরকার বিভাগ।
৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।